

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২৩৭

তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : বদরগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়ের এসএসসি(ভোক) শাখার ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে জনাব মোহাঃ আফরোজা খাতুন-এর শিক্ষাগত যোগ্যতার ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(কম্পিউটার) সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

- উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলাধীন বদরগঞ্জ উপজেলার বদরগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়ের এসএসসি(ভোক) শাখার ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে জনাব মোহাঃ আফরোজা খাতুন এর এমপিও ভুক্তির আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। ইতোপূর্বে তিনি বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট পদে এমপিও ভুক্তির জন্য আবেদন করেন। যার ডকেট নং-৫৩৭/১৫ তাং-১৭/০৫/২০১৫খ্রিঃ।
- ২। প্রতিষ্ঠানের ১৫/১২/২০০৪খ্রিঃ তারিখের রেজুলেশনে দেখা যায় মোহাঃ আফরোজা খাতুন, কম্পিউটার অপারেটর পদে নিয়োগের জন্য আবেদন করেন। ১৫/১২/২০০৪খ্রিঃ তারিখে নিয়োগ-বাছাই কমিটির রেজুলেশন মোতাবেক বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট পদে মোহাঃ লায়লা আরজুমান-কে নিয়োগের জন্য নির্বাচন করা হয়। ১৯/১২/২০০৪খ্রিঃ তারিখে নিয়োগ পত্রে বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট এবং চিঠির মূল অংশে কম্পিউটার ল্যাব এ্যাসিস্টেন্ট পদ উল্লেখ করে মোহাঃ আফরোজা খাতুনকে নিয়োগ পত্র প্রদান করা হয়। এসএসসি(ভোক) শাখায় জনবল কাঠামো অনুসারে কম্পিউটার অপারেটর নামে কোন পদ উল্লেখ নেই। সংযুক্ত প্রতিষ্ঠান হিসেবে বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট পদের প্রাপ্যতা নেই। তাঁর আবেদন যাচাই-বাছাই করে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। প্রেরিত কাগজপত্র ও তথ্যের গড়মিল থাকায় তাঁকে এমপিও ভুক্তির জন্য বিবেচনা করা সম্ভব হয়নি।
- ৩। জনাব মোহাঃ আফরোজা খাতুন পুনরায় ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে এমপিও ভুক্তির জন্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(কম্পিউটার) সনদসহ সংযুক্ত কাগজপত্র প্রেরণ করেন। যার ডকেট নং-১৭৮/১৭, তারিখঃ ০২/০২/২০১৭খ্রিঃ। ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে নিয়োগ প্রক্রিয়া, নিয়োগ ও যোগদান সম্পর্কিত কোন তথ্য আবেদনে সংযুক্ত নেই। সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁর দাখিলকৃত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং সনদ অত্র দপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯২.২০১৬-১৩০ তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক যাচাই এর জন্য প্রেরণ করা হয়।
- ৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-বাকাশিবো/উপ-পঃ নিঃ(সনদ)/২০১৭/২৫১৩ তারিখঃ ০১/০৩/২০১৭খ্রিঃ মূলে সনদ (নং- ০০২১৬৩৪, রেজি ৪২৮৫, রোল-কম্পিউ-২৯৫, পাশের সন ২০০১খ্রিঃ) যাচাই করে ভূয়া/জালিয়াতি মর্মে প্রতিবেদন প্রেরণ করেন।
- ৫। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।
- ৬। এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ প্রেরণ করে উক্ত প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।
- ৭। তার (মোহাঃ আফরোজা খাতুন) এর এমপিও ভুক্তির আবেদন বিষয়ে তথ্যের গড়মিল থাকায় তা যাচাইয়ের কাজে সহযোগিতার জন্য অত্র দপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরণের সামিল।
- ৮। এমতাবস্থায়, তাঁর বেতন-ভাতা বন্ধসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধি অনুযায়ী মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ

প্রধান শিক্ষক

বদরগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়

বদরগঞ্জ, রংপুর

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২৩৭(০৭)

তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। জেলা প্রশাসক, রংপুর।

২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর।

৪। সভাপতি, বদরগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়, বদরগঞ্জ, রংপুর।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আতিকুর রহমান)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।